সাংবাদিকতা ও নৈতিকতা

সাংবাদিকতার বেসিক ক্লাসের একটি অংশ 'সাংবাদিকতা ও নৈতিকতা'র জন্য বরাদ্দ রাখা উচিত। বেসিক পর্যায়েই তো নৈতিকতা সম্পর্কে জানতে হবে, কী করা উচিত– কী করা উচিত নয়– তা শিখতে হবে। সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিদের আগে সাহায্য করা জরুরি, নাকি আগে মাইক্রোফোন নিয়ে তাদের ওপর ঝাঁপিয়ে পড়ে ক্ষতিগ্রস্ত ব্যক্তির বেদনা আরো বাড়িয়ে দেয়া উচিত, তা না জানলে সাংবাদিকতার উদ্দেশ্য হাসিল তো হবেই না, বরং মানবিকবোধ ভূলুণ্ঠিত হবে।

মেহরুন শামস
নিউ ইস্কাটন, ঢাকা

চারিত্রিক উন্নয়ন

আমার মনে হয় চারিত্রিক উন্নয়নের চেষ্টা করাই সাফল্যের চাবিকাঠি। আমরা যখন পাপ কাজ করি, তখন আমাদের আত্মায় দাগ পড়ে। তওবা করলে সে দাগ চলে যায়। এছাড়া আমরা যখন অপকর্ম করি, তখন কেমন অস্থিরতা দেখা দেয় এবং চোখে-মুখে চোরা, লাল-রঙা ভাব চলে আসে। তাই অপরাধ চিন্তা থেকে রেহাই পেতে হলে আমাদের সবসময় চেষ্টা করতে হবে। আমার মনে হয় চারিত্রিক উন্নয়নের চেষ্টা, উন্নত চরিত্র মানে মনের সাহস কুচিন্তাকে পরাজিত করার একটা উত্তম কৌশল।

জান্নাতুল ফেরদৌস
আগ্রাবাদ, চট্টগ্রাম

বিজেপির কাছে প্রত্যাশা

ভারতের বর্তমান প্রধানমন্ত্রী একজন কট্টরপন্থী হিন্দু এবং তার দল বিজেপি কট্টরপন্থী ও সাম্প্রদায়িক দল হিসেবে পরিচিত। মোদি নির্বাচনের প্রাক্কালে বাংলাদেশ থেকে যাওয়া মুসলমান এবং ১৯৭১ সালের পর যাওয়া হিন্দুদের এদেশে ফেরত পাঠিয়ে দেয়ার হুঙ্কার দিয়েছিলেন। আমরা মনে করি, তার একথা মুখের কথা এবং তা রাজনৈতিক কূটকৌশল মাত্র। নির্বাচন-পরবর্তী সার্কভুক্ত সব দেশের রাষ্ট্রপ্রধানদের তার শপথ অনুষ্ঠানে আমন্ত্রণ সাম্প্রদায়িক সম্প্রীতি ও সৌহার্দ্যমূলক মনোভাবেরই পরিচয় বহন করে। তাই ভবিষ্যতে প্রতিবেশী রাষ্ট্রগুলোর সঙ্গে ভারতের সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় থাকবে বলেই আমার দৃঢ় বিশ্বাস।

করুণাময় চক্রবর্তী
জজকোর্ট, হবিগঞ্জ

পার পেয়ে যাবে?

সরকার জামায়াত ও যুদ্ধাপরাধীদের বিচার নিয়ে নতুন করে যে টালবাহানা শুরু করেছে, তার সমালোচনা করছে পুরো বাংলাদেশ। কিন্তু মুখ খুলছে না বিএনপি। সরকারের কাজকর্ম সন্দেহজনক মনে হচ্ছিল, কিন্তু এ ব্যাপারে বিএনপিকে চুপ থাকতে দেখে সন্দেহ বিশ্বাসে পরিণত হচ্ছে। নীরবতার মধ্য দিয়ে ওরা চাইছে, যুদ্ধাপরাধী সংগঠন জামায়াত ও মানবতাবিরোধী অপরাধীরা পার পেয়ে যাক।

মামুন হাসান
নবাবগঞ্জ, ঢাকা

স্ন্যাপশট

টুপটাপ

ছবি : রাকিবুল ইসলাম, *কল্যাণপুর, ঢাকা*

মানুষই সুর-অসুর

পৌরাণিক কাহিনীগুলোতে মানুষ ছাড়াও আরো দুই প্রজাতির চরিত্র খুঁজে পাবেন– দানব (অসুর) ও দেবতা। মজার ব্যাপার হলো, এই দুই প্রজাতিও দেখতে হুবহু মানুষের মতো। কেন জানেন? আসলে সবাই মানুষ। বাইরে থেকে সবাই এক। অন্তরে কেউ দানব, কেউ দেবতা। মানুষ যখন দানবের সঙ্গে যুদ্ধ করে, তখন আসলে সে নিজের ভেতরের মন্দ-চিন্তার সঙ্গেই যুদ্ধ করে। মানুষ যখন দেবতার সঙ্গে যুদ্ধ করে, তখন আসলে মানুষের ভেতরের মন্দ-চিন্তাই মহৎ-চিন্তার সঙ্গে যুদ্ধ করে।

নিবারণ চক্রবর্তী
বাসাবো, ঢাকা

বৈষম্যমূলক নিয়ম

চলচ্চিত্র বা নাটক প্রদর্শনী দেখতে হলে টাকা দিয়ে টিকেট কিনতে হয়। কিন্তু বাংলাদেশে চিত্রকর্ম, ভাস্কর্য কিংবা আলোকচিত্র প্রদর্শনী দেখতে টাকা লাগে না কেন? এই বৈষম্যমূলক নিয়ম কে বা কারা তৈরি করল? আমরা ভালো করেই জানি, ইউরোপ-আমেরিকায় চলচ্চিত্র ও নাটক প্রদর্শনী ছাড়াও অন্যান্য শিল্পকর্মের প্রদর্শনী দেখতে টিকেট কিনতে হয়। অথচ বাংলাদেশে চিত্রশিল্পী-

ফোরাম ২০০০ 'সেরা চিঠি' পুরস্কার

ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, অর্থনীতি, রাজনীতি, রাষ্ট্রীয় নীতিমালাসহ যে কোন বিষয়ের উপর লেখা চিঠি 'সাপ্তাহিক ২০০০ পাঠক ফোরাম'-এ ছাপা হয়। আর প্রতি সপ্তাহে ছাপা হওয়া চিঠিগুলোর মধ্যে থেকে একটি চিঠিকে পুরস্কৃত করা হয়ে থাকে। সেরা চিঠির লেখক পাবেন **বাঙ্গাল**-এর মুক্তিযুদ্ধ ভিত্তিক একটি টি-শার্ট।

(লেখা সংক্ষিপ্ত হওয়া বাঞ্ছনীয়)

আলোকচিত্রী-ভাস্করদের 'লাভের বেলায় ঘন্টা'।

ফারুক আহমেদ
ঢাকা বিশ্ববিদ্যালয়

আমরাও যুদ্ধ জানি

একদিকে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী সাধারণ বাংলাদেশিদের হত্যা করছে, অন্যদিকে মিয়ানমারের সীমান্তরক্ষী বাহিনী গুলি করে বিজিবি সদস্য হত্যা করছে। বিএসএফ একের পর এক হত্যাকাণ্ড চালিয়ে যাচ্ছে। বছরের পর বছর আমরা তার কোনো প্রতিকার করতে পারিনি। এখন শুরু হলো মিয়ানমারের বাড়াবাড়ি। আমরা কি এখানেও মার খেয়ে যাব? আমাদের কি চারদিক থেকে মারা হবে? আমরা কি ভুলে গেছি, যুদ্ধ করেই এই দেশটিকে আমরা স্বাধীন ও শত্রুমুক্ত করেছি?

হারুন রশীদ
কাপাসিয়া, গাজীপুর

নিজেকে প্রশ্ন করি

খবরের কাগজে দেখলাম, কোথায় যেন এলাকাবাসী কারো মুখের দিকে না চেয়ে থেকে নিজেরাই নিজেদের জন্য সেতু নির্মাণ করে ফেলেছে। আমাদের ছোট ছোট আন্তরিক উদ্যোগগুলো মিলেই আমাদের দেশ একদিন মহীরুহ হয়ে উঠবে। আমরা সবাই যদি নিজ নিজ অবস্থান থেকে দেশের ও মানুষের কল্যাণে কাজ করি, তাহলেই এ দেশের মুখ উজ্জ্বল হবে। তখন পৃথিবী আমাদের দিকে অবাক তাকিয়ে থাকবে। অন্যদের দোষারোপ করার আগে নিজেকে প্রশ্ন করা উচিত– দেশ ও জাতির জন্য কতটা করেছি।

আমানুল কবীর
সোনারগাঁও, নারায়ণগঞ্জ

সঠিক পথ আসলে কী?

আপনার সমালোচনা না হলে কীভাবে বুঝবেন যে, আপনি সঠিক পথে আছেন? আপনি চুরি করবেন, মানুষ ঠকাবেন, অন্যের সঙ্গে বিশ্বাসঘাতকতা করবেন, মানুষকে নিজের বিপদের কথা বলে টাকা কামাই করবেন। তারপর ধরা পড়ার পর তা অস্বীকার করবেন। জি, আপনি সঠিক পথেই আছেন। আমাদের দেশের ক্ষমতাবলয়ের বহু ব্যক্তি সঠিক পথেই চলছেন। ঠিক পথে চলছি না শুধু আমরা, যারা অন্যকে ঠকাতে পারি না, পারি না অন্যের সঙ্গে বিশ্বাসঘাতকতা করতে।

ফারজানা কবীর স্নিগ্ধা
কোলিন, জার্মানি

সাকিবের জন্য ভালবাসা

সিয়াট ক্রিকেট অ্যাওয়ার্ডে বর্ষসেরা টি-টোয়েন্টি ক্রিকেটার হিসেবে স্বীকৃতি পেয়েছেন আমাদের সাকিব আল হাসান। এই আন্তর্জাতিক সম্মাননা শুধু সাকিবের জন্য নয়, গোটা দেশের জন্য। সম্প্রতি তাদের দল কলকাতা নাইট রাইডার্স আইপিএল শিরোপা জয় করেছে। সাকিবের জন্য শুভকামনা। তিনি এমনি করে বারবার বিশ্ব দরবারে বাংলাদেশকে সসম্মানে তুলে ধরবেন বলে আশা করি। তাদের হাত ধরেই এগিয়ে যাক বাংলাদেশ।

রায়হান মাহমুদ
সাভার, ঢাকা

অস্কার বারন্যাক ও লাইকা

জার্মান অপটিক্যাল ইঞ্জিনিয়ার অস্কার বারন্যাক ১৯১৪ সালে (মতান্তরে ১৯১৩ সাল) লাইকা ক্যামেরা তৈরি করেন। ফটোগ্রাফির ইতিহাসে এই দিনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কেননা সেই ৩৫ মিলিমিটার লিৎজ ক্যামেরা ফটোগ্রাফিতে বৈপ্লবিক ভূমিকা পালন করে। কিন্তু প্রথম বিশ্বযুদ্ধের কারণে ক্যামেরাটি বাজারে আসতে দেরি হয়। অবশেষে ১৯২৫ সালে যন্ত্রটি আলোর মুখ দেখে। নানা আয়োজনের মধ্য দিয়ে লাইকা কোম্পানি সেই ক্যামেরা তৈরির শতবর্ষ পূর্তি পালন করছে। লাইকা ক্যামেরার মহান উদ্ভাবক বারন্যাকের জন্ম ১৮৭৯ সালে। ১৯৩৬ সালে তিনি মারা যান। লাইকার শতবর্ষ পূর্তিতে এই মহান ব্যক্তিকে স্মরণ করছি।

সুদীপ্ত সালাম
কারওয়ান বাজার, ঢাকা

আত্মমর্যাদা নিয়ে বাঁচতে চাই

ঝিনাইদহে বিএসএফের গুলিতে এক বাংলাদেশি গরু ব্যবসায়ী নিহত হয়েছে। ২ জুন রাতে চোরাই গরু আনার সময় রিপন নামের ওই ব্যক্তি ভারতীয় সীমান্তরক্ষীদের গুলিতে ঘটনাস্থলেই মারা যায়। কয়েকদিন আগে মিয়ানমারের সীমান্তরক্ষীদের গুলিতে বিজিবি সদস্য নিহত হয়েছেন। মনে হচ্ছে, আমাদেরকে সবাই পেয়ে বসেছে। এর কারণ কী? আমাদের মনোবল ও আত্মবিশ্বাস ভেঙে দিতেই কি এ ধরনের আচরণ? আমাদের সরকারকে একটি টেকসই কূটনৈতিক সমাধান বের করতেই হবে।

কামাল আহমেদ খান
শিবপুর, নরসিংদী

সিরিয়ায় লোক দেখানো নির্বাচন

সিরিয়ার চলমান গৃহযুদ্ধে এ পর্যন্ত প্রায় লাখখানেক মানুষ নিহত হয়েছে। ঘরছাড়া হয়েছে প্রায় ১০ লাখ। এই হত্যাযজ্ঞের মূল হোতা আসাদ। এর মধ্যেই প্রেসিডেন্ট নির্বাচন হচ্ছে। আসাদ সরকার বিরোধী ন্যাশনাল কোয়ালিশন দল নির্বাচন বর্জন করেছে। আর সশস্ত্র বিদ্রোহীরা নির্বাচন বানচালের ঘোষণা দিয়েছে। এ নির্বাচন যে একটি তামাশা ছাড়া আর কিছুই নয়, তা বুঝতে আন্তর্জাতিক রাজনীতি বিশ্লেষক হতে হয় না। আসাদ একদিকে মানুষ মারছেন, অন্যদিকে লোক দেখানো নির্বাচন দিচ্ছেন। আর পুরো বিশ্ব তাকিয়ে দেখছে।

আহমেদ জুবায়ের
ঢাকা বিশ্ববিদ্যালয়

থিম সং ভালো হয়নি

এবারের ফিফা বিশ্বকাপের থিম সং একবার শুনেই মনটা খারাপ হয়ে গেছে। আগের বিশ্বকাপের শাকিরার গানটি কিংবা কোকাকোলার ওয়েভিং ফ্ল্যাগের কাছাকাছিও এটি যেতে পারেনি বলে আমার মনে হয়েছে। আমি ফিফার থিম সংটির জন্য অপেক্ষা করি। কারণ সাধারণত থিম সংটি বিশ্বপ্রেক্ষাপটেই তৈরি করা হয়। গানটিতে প্রধানত থাকে অনুপ্রেরণা। আর হৃদয় ছুঁয়ে যাওয়া সুর ও সংগীত তো আছেই। কিন্তু এবার হতাশ হলাম। আশা করি, জমকালো আয়োজন এই হতাশা দূর করবে।

ইসলাম খান
শিবালয়, মানিকগঞ্জ

আমাদের নিয়ে ভাবুন

শিল্পসাহিত্যের ক্ষেত্রে স্পন্সর পাওয়া দুষ্কর। ছোট ছোট স্পন্সর পেলে অনেক কিছু করে দেখানো সম্ভব। বর্তমানে স্পন্সর পাওয়া আর চাঁদ হাতে পাওয়া একই ব্যাপার। স্পন্সরের বেলায় বেশিরভাগ সামর্থ্যবান মানুষ ও প্রতিষ্ঠান হাত গুটিয়ে রাখে, মুখ ফিরিয়ে নেয়। ফলে আইডিয়া মাথায় পচে এবং অনেক সময় সৃজনশীল কাজ মাঠে মারা পড়ে। আমরা যারা সৃজনশীল ক্ষেত্রে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছি, আমরা কোথায় যাব? বেসরকারি ও সরকারি কোনো প্রতিষ্ঠানই যদি আমাদের কথা না ভাবে, তাহলে আমাদের কী হবে? যারা ব্যতিক্রমী, তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।

শাম্মী আনসারী
বাংলাবাজার, ঢাকা

পারমাণবিক শক্তি প্রসঙ্গে

বাংলাদেশে পারমাণবিক শক্তি ব্যবহারের তোড়জোড় চলছে। এর প্রয়োজনও অস্বীকার করার জো নেই। কিন্তু মাথায় রাখতে হবে জাপানের ভয়াবহ পারমাণবিক বিপর্যয়ের কথা। জাপানের মতো শক্তিধর ও উন্নত দেশও সে বিপর্যয় রুখতে পারেনি। আমাদের মতো উন্নয়নশীল দেশ কি সে ধরনের বিপর্যয় মোকাবেলা করতে পারবে? বন্যা, ভূমিকম্প বা সুনামির মতো প্রাকৃতিক দুর্যোগের সময় পারমাণবিক প্রকল্প এবং জনসাধারণকে সুরক্ষিত রাখার উপায় ও ব্যবস্থা নেয়ার মতো সামর্থ্য আমাদের আছে তো?

জামিলুর রহমান
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সেরা চিঠির পুরস্কার বিজয়ী

৬ জুন ২০১৪ সংখ্যার সেরা চিঠির পুরস্কার বিজয়ী
সামির মেহবুব, *ঢাকা*। ০১৯১৫-৪৭১২৪৩ নম্বরে যোগাযোগ করে পূর্ণ নাম-ঠিকানা পাঠানোর অনুরোধ করা হচ্ছে।

পাঠক ফোরামে লেখা ও ছবি পাঠানোর ঠিকানা
পাঠক ফোরাম, সাপ্তাহিক ২০০০
ডেইলি স্টার সেন্টার, ৬৪-৬৫ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, ঢাকা-১২১৫
ই-মেইল : info.shaptahik2000@gmail.com